গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬

নিয়োগ বিজ্ঞপ্তি

নথি নং-২-২(৬৭)জনপ্রশা/নিয়োগ/২০১৭ তারিখ ঃ ০১/০৩/২০১৭ খ্রিস্টাব্দ ।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা'র পত্র সংখ্যা-০৮.০১.০০০০.০৩৮.১১.০৫৪.১২(অংশ).৫২ তারিখ: ১৭.০১.২০১৭ খ্রিস্টাব্দ এর অনুমোদন অনুযায়ী কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর নিম্নে উল্লিখিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে ছকে বর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত ডাকযোগে আহবান করা যাচ্ছে ঃ

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার নাগরিকগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১	পরিসংখ্যান অনুসন্ধায়ক ১১৩০০-২৭৩০০/-	০১টি	অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ অর্থনীতি/ গণিত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী / দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী।	ঢাকা, মানিকগঞ্জ, টাংগাইল, জামালপুর জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।
২	উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/-	০৯টি	অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।	
৩	ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/-	০৪টি	(ক)কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী (বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার)। (খ) বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে।	
৪	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-	০৪টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; (খ) **Word Processing/Data Entry/ Typing** ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ থাকতে হবে।	
৫	ড্রাইভার ৯৩০০-২৪৪৯০/-	১৩টি	(ক) ৮ম শ্রেণী পাস। (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ি চালনায় ন্যূনতম ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।	
৬	সিপাই ৯০০০-২১৮০০/-	৩৬টি	(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং প্রার্থীর উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি পুরুষ, ৫ ফুট ২ ইঞ্চি মহিলা, (খ) বুকের মাপ - ৩০-৩২ ইঞ্চি (উভয় ক্ষেত্রে)	
৭	এমএলএসএস ৮২৫০-২০০১০/-	১০টি	অষ্টম শ্রেণী পাস	
৮	নৈশ প্রহরী ৮২৫০-২০০১০/-	০২টি	অষ্টম শ্রেণী পাস	

০২। যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিম্ন বর্ণিত ফরমেটে স্বহস্তে লিখিত "জীবন বৃত্তান্ত" ও দরখাস্ত প্রেরণ করতে হবে। ফরমেট অনুযায়ী স্বহস্তে লিখিত "জীবন বৃত্তান্ত" ও দরখাস্ত না হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরির আবেদন ফরম

বরাবর,
কমিশনার,
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম),
প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬।

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা ৩ কপি)

১.	পদের নাম										
২.	বিজ্ঞপ্তি নম্বর :	তারিখ :	দি	ন	মা	স	ব	ৎ	স	র	
৩.	প্রার্থীর নাম :	বাংলা :									
		ইংরেজিতে (বড় অক্ষরে) :									
৪.	জাতীয় পরিচয়পত্র নম্বর :										(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর :										
৫.	জন্ম তারিখ :	দি	ন	মা	স	ব	ৎ	স	র	৬. জন্মস্থান (জেলা) :	
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ	বছর	মাস	দিন							
৮.	মাতার নাম :										
৯.	পিতার নাম :										

১০.	ঠিকানা :	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/নম্বর)		
	গ্রাম/পাড়া/মহল্লা		
	ইউনিয়ন/ওয়ার্ড :		
	ডাকঘর :		
	পোস্টকোড নম্বর :		
	উপজেলা :		
	জেলা :		
১১.	যোগাযোগ :	মোবাইল/টেলিফোন নম্বর :	ই-মেইল (যদি থাকে) :
১২.	জাতীয়তা :	১৩.	জেন্ডার :
১৪.	ধর্ম :	১৫.	পেশা :

১৬.	শিক্ষাগত যোগ্যতা :					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণী/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)			
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) :			
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন) :
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর :		তারিখ :	
	ব্যাংক ও শাখার নাম :			
২১	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) :	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর

০৩। দরখাস্ত প্রেরণের সময় খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে এবং নিজ নাম ও ঠিকানা সম্বলিত ১০.০০ (দশ) টাকার ডাক টিকিটযুক্ত একটি ৯″ ×৪″ সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৪। শর্তাবলী ঃ

০১) আবেদনপত্র আগামী ৩০ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে ডাকযোগে কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (পশ্চিম), ঢাকা, প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬ ঠিকানায় পৌঁছাতে হবে;

০২) বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র দাখিলের পর কোন সংশোধনী গ্রহণযোগ্য হবে না। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না;

০৩) সরকারী / আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গৃহীত হবে না;

০৪) আবেদনপত্রের সাথে সদ্য তোলা একটি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং ০২ (দুই) কপি সত্যায়িত ছবি ষ্ট্যাপল করে দিতে হবে। ছবির পিছনে আবেদনকারীর নাম ও জেলার নাম লিখতে হবে। পুরাতন ছবি গ্রহণযোগ্য হবে না;

০৫) কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (পশ্চিম), ঢাকা -এর অনুকূলে ১-৬ নং পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকার এবং ৭-৮ নং পদের ক্ষেত্রে ৫০ টাকার ট্রেজারী চালান (অর্থনৈতিক কোড ঃ ১-১১৩৩-০০৩৫-২০৩১-তে জমাকৃত) এর কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালানবিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;

০৬) কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনপত্রের খামের উপর উল্লেখ করতে হবে।

০৭) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিদ্যমান সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

০৮) সাধারণ ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

০৯) প্রাপ্ত সকল দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীগণকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে ;

জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.১১০.০০.০০.০৮৯.১৪.০১ তাং-২৯/১২/২০১৪ খ্রিঃ অনুযায়ী সাক্ষাৎকার/ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত সকল প্রার্থীকে সাক্ষাৎকার/ মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি অবশ্যই উপস্থাপন করতে হবে এবং নিম্ন লিখিত সনদপত্রসমূহের ২ (দুই) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে। যথাঃ

(ক) সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(খ) ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;

(গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে কোটা সংক্রান্ত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্রের অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে;

১০) প্রার্থী মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা / পুত্র-কন্যার পুত্র কন্যা হলে সেক্ষেত্রে যথাক্রমে পিতা/ মাতা/ পিতামহী/ মাতামহী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য অনুমোদিত/বৈধ সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১, তারিখ ঃ ০৯-০৫-২০১১ খ্রিঃ মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা শনাক্তকরণ পদ্ধতি অনুসরণ করা হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১১) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, স্থায়ী বাসিন্দা / নাগরিকত্ব সনদপত্রসহ প্রদত্ত যে কোন সনদ ও তথ্যাদি ভুয়া প্রমাণিত হলে আবেদনকারীর আবেদনপত্র/ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

১২) প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না;

১৩) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কমানো / বাড়ানো বা কাউকে নিয়োগ প্রদানের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১৪) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল/ নতুন পদ যোগ করার অধিকার সংরক্ষণ করেন;

১৫) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ করতে কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না; ও

১৬) এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত, ব্যবহারিক ও পরীক্ষার তথ্য কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (পশ্চিম), ঢাকার ওয়েবসাইট **www.vatdhakawest.gov.bd** এ পাওয়া যাবে।

ড. মো: সহিদুল ইসলাম
কমিশনার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা (পশ্চিম), ঢাকা।

জি-২৪৫/১৭ (৩০″×৪)